

বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখ্যপাত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখ্যপাত্র/০২/২০২৪/৫২

তারিখ:

৩০ আগস্ট ১৪৩১ বঙ্গাব্দ

১৫ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ইনসিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB) এর সাথে বিএসইসি'র মত বিনিময় সভা।

অদ্য ১৫ অক্টোবর ২০২৪ তারিখে পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংক্ষারের বিষয়ে বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সাথে ইনসিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB) এর শীর্ষ প্রতিনিধিদের একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত মত বিনিময় সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র কর্মকার্তা বৃন্দ এবং ইনসিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB) এর সিনিয়র সহ-সভাপতিও সহ-সভাপতিসহ শীর্ষ প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠিত মত বিনিময় সভার সূচনা বঙ্গবে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ সভায় অংশগ্রহণকারী সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি অন্যান্যে মধ্যে বলেন, দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও কল্যাণের স্বার্থে এবং সমৃদ্ধ পুঁজিবাজার গড়ার জন্য বাজার সংশ্লিষ্ট সকল ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠন তথা অংশীজনদের প্রত্যেককে যার যার দায়িত্ব ও কর্তব্য অনুসরণ করে প্রয়োজনীয় ও যথাযথ ভূমিকা রাখা অত্যন্ত জরুরী। দেশের পুঁজিবাজারের টেকসই ও যথাযথ সংক্ষারের জন্য বিএসইসি টাঙ্কফোর্স গঠন করেছে এবং উক্ত টাঙ্কফোর্স পুঁজিবাজারে সর্বাঙ্গীণ (comprehensive) সংক্ষারের বিষয়ে ইতোমধ্যে কাজ শুরু করেছে বলে জানান তিনি। তালিকাভুক্ত কোম্পানিগুলোতে কোম্পানি সেক্রেটারিদের পেশাদার ও দায়িত্বশীল ভূমিকার মাধ্যমে কর্পোরেট গভর্নেন্স কোডের যথাযথ পরিপালন নিশ্চিতের উপর গুরুত্বারোপ করেন তিনি। কর্পোরেট গভর্নেন্স কোডের যথাযথ পরিপালন পুঁজিবাজার ও তালিকাভুক্ত কোম্পানিগুলোতে শৃঙ্খলা ও স্থিতিশীলতা বৃদ্ধিতে কার্যকরী ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

সভায় ইনসিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB) এর শীর্ষ প্রতিনিধিবৃন্দ দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংক্ষার সংক্রান্ত বিষয়ে তাদের মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন। এসময় দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বিকাশের ক্ষেত্রে তালিকাভুক্ত কোম্পানিগুলোতে নিয়োজিত চার্টার্ড সেক্রেটারিজবৃন্দ এর ভূমিকা এবং দায়িত্বের বিষয়ে খোলামেলা আলোচনা হয়। মত বিনিময় সভায় অন্যান্যের মধ্যে তালিকাভুক্ত কোম্পানিগুলোতে কর্পোরেট গভর্নেন্স নিশ্চিত, কোম্পানিগুলোতে ইনডিপেন্ডেন্ট ডিরেক্টর এর নিয়োগ ও সংশ্লিষ্ট বিষয়ে সংক্ষার, প্রশিক্ষণসহ বিভিন্ন প্রক্রিয়ায় মাধ্যমে কোম্পানিগুলোতে কর্মরত চার্টার্ড সেক্রেটারিজ বা কোম্পানি সেক্রেটারিদের দক্ষতা ও সক্ষমতার উন্নয়ন, কোম্পানির অভ্যন্তরীণ সুশাসন নিশ্চিতে কোম্পানি সেক্রেটারিদের অধিকতর দায়িত্বশীল করা, কোম্পানির লভ্যাংশ বিতরণসহ নানা ক্ষেত্রে বিদ্যমান সমস্যার সমাধান নিশ্চিতে কোম্পানি ও নিয়ন্ত্রক সংস্থার মধ্যে যোগাযোগ ও সমন্বয় বৃদ্ধি ইত্যাদি বিভিন্ন প্রস্তাবনা উঠে এসেছে। সভার আলোচনায় পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানিগুলোতে প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিত করে শেয়ারহোল্ডার বা বিনিয়োগকারীদের স্বার্থের পুর্ণ সুরক্ষায় করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং সুশাসন নিশ্চিতের মাধ্যমে পুঁজিবাজারে ভালো বিনিয়োগ পরিবেশ সৃষ্টির বিষয়ে আলোচনা হয়। সভায় ইনসিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB) এর প্রতিনিধিবৃন্দ দেশের পুঁজিবাজারের টেকসই উন্নয়ন ও সংক্ষারে নিয়ন্ত্রক সংস্থার সাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

পুঁজিবাজারের সার্বিক সংক্ষার সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান, সংগঠন ও অংশীজনদের সাথে মত বিনিময় করছে। সর্বোপরি, দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের মতামত ও অংশগ্রহণ এবং অংশীজনদের সহযোগিতায় একটি স্বচ্ছ ও সমৃদ্ধ পুঁজিবাজার গড়ে তুলতে বিএসইসি নিরলসভাবে কাজ করছে।

১৫-১০-২০২৪
মোহাম্মদ রেজাউল করিম

নির্বাচী পরিচালক ও মুখ্যপাত্র

